**চুক্তিনামা**

**সহযোগিতা চুক্তিপত্র "শেখ রাসেল স্কুল অফ ফিউচার"**

(Cooperation Agreement)

**প্রথম পক্ষ**

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের পক্ষে-

প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়),
আইসিটি টাওয়ার, (৬ষ্ঠ তলা), আগারগাঁও,ঢাকা -১২০৭

**দ্বিতীয় পক্ষ**

প্রধান শিক্ষক/অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট/প্রতিষ্ঠান প্রধান

............... স্কুল/বিদ্যালয়/কলেজ/মাদ্রাসা/ প্রতিষ্ঠান প্রধান ।
মোবাইল নম্বর :
ই-মেইল:
উপজেলা :.......................... জেলাঃ..........................।

এই চুক্তিপত্র তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের পক্ষে অদ্য / /২০২১খ্রি: তারিখে প্রকল্প পরিচালক, শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়), আইসিটি টাওয়ার, (৬ষ্ঠ তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭ এবং প্রধান শিক্ষক/অধ্যক্ষ .......... স্কুল/ বিদ্যালয়/ কলেজ/ মাদ্রাসা/ প্রতিষ্ঠান প্রধান, উপজেলা: ................, জেলা: ................. এর মধ্যে শর্ত সাপেক্ষে উভয়পক্ষ কর্তৃক চুক্তি সম্পাদিত হলো।

**-০ঃশর্তাবলি-০ঃ**

**সাধারণ শর্তাবলি:**

ক) নির্বাচিত প্রতিষ্ঠানসমূহের যেকোনটিতে নির্দেশিকা/চেকলিষ্ট অনুযায়ী কোন শর্ত/শর্তসমূহের ঘাটতি পাওয়া গেলে পরবর্তী যেকোন পর্যায়ে উক্ত প্রতিষ্ঠানকে **"শেখ রাসেল স্কুল অফ ফিউচার"** স্থাপনের কার্যক্রম হতে বাদ দেওয়ার এখতিয়ার প্রকল্প কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।

খ) নির্বাচিত প্রতিষ্ঠানসমূহের প্রধানকে প্রকল্প কর্তৃপক্ষ নির্দেশিকা অনুসরণ করে **"শেখ রাসেল স্কুল অফ ফিউচার"** স্থাপন করতে হবে।

গ) **"শেখ রাসেল স্কুল অফ ফিউচার"** স্থাপনের জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রতিষ্ঠান প্রধানকে প্রকল্প কর্তৃপক্ষের সাথে সম্পাদিত চুক্তির সকল শর্তাদি যথাযথভাবে অনুসরণ করতে হবে।

**১ম পক্ষ (প্রকল্প কর্তৃপক্ষ) কর্তৃক করণীয়:**

১) ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সারাদেশে আইসিটি শিক্ষার গুণগত মানোন্নয়নের উদ্দেশ্যে এবং শিক্ষায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তির প্রয়োজনীয় অবকাঠামো স্থাপন, আইসিটির নিত্যনতুন প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে মানবসম্পদ উন্নয়নের লক্ষ্যে **"শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)"** এর আওতায় **"শেখ রাসেল স্কুল অফ ফিউচার"** এর জন্য নির্বাচিত প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে প্রাথমিক পর্যায়ে প্রকল্প দপ্তর হতে নিম্নবর্ণিত আইটি সরঞ্জাম এবং অন্যান্য সামগ্রী সরবরাহ করা হবে:

| ক্রম | ল্যাবের আইটি সরঞ্জাম সমূহের নাম | সংখ্যা |
|---|---|---|
| ০১ | ডিজিটাল স্মার্টবোর্ড (ইন্টারএক্টিভ ফ্লাট প্যানেল) | ০৬ টি |
| ০২ | এটেনডেন্স রিডার মেশিন (ডিজিটাল হাজিরা মেশিন) | ০৫ টি |
| ০৩ | ওয়াইফাই রাউটার | ০১ টি |
| ০৪ | ডেস্কটপ কম্পিউটার | ০৪ টি |
| ০৫ | "শেখ রাসেল স্কুল অফ ফিউচার" এর জন্য স্কুল অফ ফিউচার ম্যানেজমেন্ট সিস্টেম | - |

| | | |
|---|---|---|
| ০৬ | ডিজিটাল আইডি কার্ড (স্কুলের শিক্ষক ও ছাত্র-ছাত্রীর সংখ্যার ভিত্তিতে) | প্রয়োজনীয় সংখ্যক |

২) প্রকল্প দপ্তর/আইসিটি অধিদপ্তর/আইসিটি বিভাগ এর বিভিন্ন দপ্তর/সংস্থা ও শিক্ষা মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তর/সংস্থা থেকে বিভিন্ন সময়ে **"শেখ রাসেল স্কুল অফ ফিউচার"** পরিদর্শন ও মনিটরিং করা হবে।

**২য় পক্ষ (শিক্ষা প্রতিষ্ঠান) কর্তৃক করণীয়:**

**প্রকল্প দপ্তর হতে প্রেরিত নির্দেশিকা/গাইডলাইন অনুসারে প্রতিষ্ঠানকে নিম্ন বর্ণিত কার্যাদি নিজস্ব উদ্যোগ ও অর্থায়নে সম্পন্ন করে রাখতে হবেঃ**

০১ "শেখ রাসেল স্কুল অফ ফিউচার" স্থাপনের জন্য শিক্ষা প্রতিষ্ঠানে ০৬টি কক্ষ কমপক্ষে ২২ ফুট দৈর্ঘ্য এবং ১৮ ফুট প্রস্থ বা আরো প্রশস্ত কক্ষের ব্যবস্থা করতে হবে। নির্বাচিত প্রতিটি কক্ষ স্বাস্থ্যকর পরিবেশ ও সুন্দর অবকাঠামো বিশিষ্ট হতে হবে।

০২ "শেখ রাসেল স্কুল অফ ফিউচার"এর মালামাল যাতে চুরি/নষ্ট না হয় সে জন্য সতর্কতা ও পর্যাপ্ত নিরাপত্তা মূলক বিশেষ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৩ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, প্রতিষ্ঠান পরিচালনা কমিটির সাথে আলোচনা করে প্রকল্প হতে সরবরাহকৃত গাইডলাইন অনুযায়ী প্রতিটি কক্ষ সংস্কার করবেন। সংস্কার কাজ সম্পন্ন করে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক অতিসত্তর প্রকল্পের চাহিদা মোতাবেক সচিত্র প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প পরিচালকের দপ্তরে প্রেরণ করতে হবে।

০৪ স্কুলের মূল ফটকে "শেখ রাসেল স্কুল অফ ফিউচার" লেখা সম্বলিত ০১টি সাইনবোর্ড, নির্দেশিকা/গাইডলাইন অনুযায়ী তৈরি ও স্থাপন করতে হবে।

০৫ ডেস্কটপ কম্পিউটার, ডিজিটাল স্মার্টবোর্ড ও অন্যান্য আনুসাঙ্গিক যন্ত্রপাতিতে বিদ্যুৎ সংযোগের জন্য শ্রেণী কক্ষে/ যন্ত্রপাতি স্থাপনের জায়গায় প্রয়োজনীয় বৈদ্যুতিক সংযোগ/ওয়ারিং করতে হবে এবং প্রয়োজন অনুযায়ী সিলিং ফ্যান ও বৈদ্যূতিক লাইটের ব্যবস্থা করতে হবে।

০৬ "শেখ রাসেল স্কুল অফ ফিউচার"এর জন্য দ্রুতগতির ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ স্থাপন করতে হবে। এজন্য প্রয়োজনীয় বিদ্যুৎ ও ইন্টারনেট বিল সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান পরিশোধ করবে।

০৭ "শেখ রাসেল স্কুল অফ ফিউচার"এর সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে হবে। আইসিটি শিক্ষা বিস্তারের লক্ষ্যে সংশ্লিষ্ট শিক্ষা কার্যক্রম ব্যহত না করে সরকার অথবা অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক কম্পিউটার বিষয়ক প্রশিক্ষণ কোর্স আয়োজনে সহযোগিতা করতে হবে।

০৮ সরকারের কোন কাজে "শেখ রাসেল স্কুল অফ ফিউচার" ব্যবহারের প্রয়োজন হলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে।

০৯ প্রকল্প দপ্তর/আইসিটি অধিদপ্তর/ আইসিটি বিভাগ/শিক্ষা অধিদপ্তর/শিক্ষা মন্ত্রণালয় থেকে পরিদর্শনকারীকে "শেখ রাসেল স্কুল অফ ফিউচার" পরিদর্শন ও মনিটরিং এর কাজে সহযোগিতা প্রদান করতে হবে।

১০ স্থাপিত ডিজিটাল স্মার্টবোর্ডসহ আইসিটি সরঞ্জাম ওয়ারেন্টি মেয়াদ শেষে "শেখ রাসেল স্কুল অফ ফিউচার" এর আনুষাঙ্গিক সামগ্রী সংশ্লিষ্ট প্রতিষ্ঠান নিজস্ব সম্পত্তি হিসেবে গ্রহণ করবে এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখতে হবে।

১১ প্রকল্প হতে প্রাপ্ত ডিজিটাল স্মার্টবোর্ডসহ অন্যান্য আইটি সরঞ্জামাদি প্রতিষ্ঠানের মালামাল রেজিষ্টারে লিপিবদ্ধ করবে এবং রেজিষ্টারের সত্যায়িত কপি প্রকল্প দপ্তরে প্রেরণ করবে।

১২ "শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)" কর্তৃক প্রদত্ত আইটি সামগ্রী (ডিজিটাল স্মার্টবোর্ড, ডিজিটাল হাজিরা মেশিন, ওয়াইফাই রাউটার, প্রয়োজনীয় সংখ্যক ডিজিটাল আইডি কার্ড ডেস্কটপ কম্পিউটার চুরি/হারানো/খোয়া গেলে যদি উদ্ধার করা সম্ভব না হয় তাহলে স্কুল কর্তৃপক্ষকে তা নিজস্ব অর্থায়নে ০২(দুই) মাসের মধ্যে প্রতিস্থাপন করতে হবে।

১৩ নিয়মিতভাবে "শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)" কর্তৃক প্রদত্ত আইটি সামগ্রী পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা করতে হবে।

১৪ **"শেখ রাসেল স্কুল অফ ফিউচার"** এর জন্য প্রদত্ত স্কুল অফ ফিউচার ম্যানেজমেন্ট সিস্টেমের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করে প্রকল্প দপ্তর কর্তৃক সরবরাহকৃত ডিজিটাল কনটেন্ট এর মাধ্যমে পাঠদান করতে হবে।

**অত্র চুক্তিনামা পড়ে ইহার মর্মার্থ অনুধাবন করে অন্যের বিনা প্ররোচনায় স্বজ্ঞানে স্বাক্ষীগণের উপস্থিতিতে স্বাক্ষর করলাম।**

**১ম পক্ষ**

(--------------------)
প্রকল্প পরিচালক

স্বাক্ষীর নাম, স্বাক্ষর ও তারিখ

০১।

০২।

**২য় পক্ষ**

( .................................. )
শিক্ষা প্রতিষ্ঠান প্রধান
---------------------------------
উপজেলা:-------------------------
জেলা:-----------------

স্বাক্ষীর নাম, স্বাক্ষর ও তারিখ ,

০১। প্রতিষ্ঠান পরিচালনা কমিটির সভাপতি
(সিলসহ স্বাক্ষর)
ফোন নং-

০২। জেলা/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
(সিলসহ স্বাক্ষর)
ফোন নং-

প্রতিস্বাক্ষরকারী

০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা/ আইসিটি)
(সিলসহ স্বাক্ষর)
ফোন নং-